বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
ফোন ঃ ০২-৯৫৭৪০২৫, ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০২১-২০২২/৫৯ তারিখঃ ১৫ জুলাই ২০২১

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়
শাখা ব্যবস্থাপক, সকল শাখা
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ কোভিড-১৯ উদ্ভূত পরিস্থিতিতে নিরবচ্ছিন্ন ব্যাংকিং ও পরিশোধ সেবা কার্যক্রম অব্যাহত রাখা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা, পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট এর ৩০ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ, ১৪ জুলাই ২০২১ খ্রিষ্টাব্দ তারিখের পিএসডি সার্কুলার লেটার নং-০৯ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত পত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ/পরিপালন করে ১৫ জুলাই হতে ০৫ আগস্ট ২০২১ পর্যন্ত আন্তঃব্যাংক পরিশোধ প্ল্যাটফর্মগুলোর কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো।

০৩। আগামী ১৭ জুলাই ২০২১ এবং ২০ জুলাই ২০২১ তারিখে উপরোক্ত সার্কুলার লেটার এর অনুচ্ছেদ-খ এর নির্দেশনা অনুসরণ করে প্রধান কার্যালয়ের আর্ন্তজাতিক বাণিজ্য বিভাগ, ট্রেজারি ম্যানেজমেন্ট বিভাগ, ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ, আইসিটি অপারেশন বিভাগ ও আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগসহ স্থানীয় মুখ্য কার্যালয় (ব্যাচসহ), কাওরান বাজার কর্পোরেট, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়নগঞ্জ কর্পোরেট, আগ্রাবাদ কর্পোরেট, চট্টগ্রাম কর্পোরেট ও ষোলশহর শাখা স্বাস্থ্যবিধি যথাযথভাবে পরিপালন নিশ্চিত করে সীমিত সংখ্যক লোকবলের মাধ্যমে প্রয়োজনীয় ব্যাংকিং কার্যক্রম সম্পাদনের জন্য খোলা থাকবে। এক্ষেত্রে, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের ১৪ জুলাই ২০২১ তারিখের পত্র নং প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০২১-২০২২/৫৪ এর ২(খ) নির্দেশনা মোতাবেক ভাতা প্রাপ্য হবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনামোতাবেক।

১৫/০৭/২০২১

(জামিল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০২১-২০২২/৫৯ তারিখঃ ১৫ জুলাই ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/স্টাফ কলেজ, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/মহানথি।

১৫/০৭/২০২১

(মোঃ শাহরিয়ার মাহমুদ চৌধুরী)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

পিএসডি সার্কুলার লেটার নং- ০৯/২০২১

তারিখঃ ৩০ আষাঢ় ১৪২৮ / ১৪ জুলাই ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল তফসিলি ব্যাংক
প্রধান কার্যালয়

প্রিয় মহোদয়,

**কোভিড-১৯ উদ্ভূত পরিস্থিতিতে নিরবচ্ছিন্ন ব্যাংকিং ও পরিশোধ সেবা কার্যক্রম অব্যাহত রাখা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন (ডিওএস) এর ১৩/০৭/২০২১ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং- ২৯ মোতাবেক ব্যাংকিং সেবা চালু রাখা এবং এ বিভাগের ৩০/০৬/২০২১ তারিখের পিএসডি সার্কুলার নং- ০৯/২০২১ এর অনুবৃত্তিক্রমে দৈনন্দিন বিশেষ ব্যাংকিং সেবা প্রদানের নিমিত্তে আগামী ১৫ জুলাই ২০২১ তারিখ হতে আন্ত:ব্যাংক পরিশোধ প্ল্যাটফর্মগুলোর কার্যক্রম পরিচালনার সময়সীমা নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলো:-

**ক। ১৫, ১৮ ও ১৯ জুলাই ২০২১ -**

(১) Bangladesh Automated Clearing House (BACH) এর মাধ্যমে লেনদেন:

ক) BACPS এর High Value Clearing- Presentment Cut off Time- 12.00 PM
Return Cut off Time- 3.00 PM
Regular Value Clearing- Presentment Cut off Time- 12.30 PM
Return Cut off Time- 5.00 PM

খ) উপর্যুক্ত দিনসমূহে BEFTN এর দু'টি সেশন বিদ্যমান সময়সূচি অনুযায়ী চালু থাকবে।

(২) Real Time Gross Settlement (RTGS) এর মাধ্যমে লেনদেনের সময়সূচী সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ৪.০০ ঘটিকা পর্যন্ত নির্ধারণ করা হলো। তবে, শুধুমাত্র কাস্টমস শুল্ক সংক্রান্ত করাদি, ফি, চার্জ প্রভৃতি ও আন্ত:ব্যাংক লেনদেন ৫.০০ ঘটিকা পর্যন্ত সম্পাদন করা যাবে।

**খ। ১৭ ও ২০ জুলাই ২০২১ -**

(১) Bangladesh Automated Clearing House (BACH) এর মাধ্যমে লেনদেন:

ক) BACPS এর High Value Clearing- Presentment Cut off Time- 11.30 PM
Return Cut off Time- 01.00 PM
Regular Value Clearing- Presentment Cut off Time- 12.00 PM
Return Cut off Time- 2.30 PM

খ) উপর্যুক্ত দিনসমূহে BEFTN এর দু'টি সেশন বিদ্যমান সময়সূচি অনুযায়ী চালু থাকবে।

পরবর্তী পাতা দ্রষ্টব্য-

পূর্ববর্তী পাতা হতে-

(২) Real Time Gross Settlement (RTGS) এর মাধ্যমে লেনদেনের সময়সূচী সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ২.০০ ঘটিকা পর্যন্ত নির্ধারণ করা হলো। তবে, শুধুমাত্র কাস্টমস শুল্ক সংক্রান্ত করাদি, ফি, চার্জ প্রভৃতি ও আন্তঃব্যাংক লেনদেন ৩.০০ ঘটিকা পর্যন্ত সম্পাদন করা যাবে।

উল্লেখ্য, ঈদ-উল-আযহার পূর্বে তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি বিল বিক্রয়ের এবং উক্ত শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে শুধুমাত্র ডিওএস সার্কুলার লেটার ২৯ এ উল্লিখিত এলাকার ব্যাংক শাখাসমূহের চেক, ইএফটি এবং আরটিজিএস পরিশোধ চলবে। এক্ষেত্রে ক্লিয়ারিং ব্যবস্থা সুষ্ঠুরূপে পরিচালনার স্বার্থে উপর্যুক্ত ডিওএস সার্কুলার লেটার ২৯-এ উল্লিখিত এলাকার বাইরের ব্যাংক শাখার উপর উপস্থাপনকৃত চেকসমূহ রিটার্ন করতে হবে।

**গ। ২৫ জুলাই ২০২১ হতে পরবর্তী নির্দেশনা প্রদানের পূর্ব পর্যন্ত -**

(১) Bangladesh Automated Clearing House (BACH) এর মাধ্যমে লেনদেনঃ

ক) BACPS এর High Value Clearing- Presentment Cut off Time- 11.30 PM
Return Cut off Time- 01.00 PM
Regular Value Clearing- Presentment Cut off Time- 12.00 PM
Return Cut off Time- 2.30 PM

খ) উপর্যুক্ত দিনসমূহে BEFTN এর দু'টি সেশন বিদ্যমান সময়সূচি অনুযায়ী চালু থাকবে।

(২) Real Time Gross Settlement (RTGS) এর মাধ্যমে লেনদেনের সময়সূচী সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ১.৩০ ঘটিকা পর্যন্ত নির্ধারণ করা হলো। তবে, শুধুমাত্র কাস্টমস শুল্ক সংক্রান্ত করাদি, ফি, চার্জ প্রভৃতি ও আন্তঃব্যাংক লেনদেন ২.৩০ ঘটিকা পর্যন্ত সম্পাদন করা যাবে।

একইসাথে ২৫/০৭/২০২১ তারিখ হতে পরবর্তী নির্দেশনার পূর্ব পর্যন্ত ৩০/০৬/২০২১ তারিখে জারিকৃত পিএসডি সার্কুলার নং-০৯/২০২১-এর অপরাপর নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে। ঈদ-উল-আযহার ছুটিকালীন সময়ে ব্যাংকসমূহকে পরিশোধ সেবা সংশ্লিষ্ট সিস্টেমসমূহের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করাসহ ঝুঁকি মোকাবেলা করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মুহম্মদ বদিউজ্জামান দিদার)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৬১১